

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

নম্বর ১৩.০১.০০০০.০৮১.৩২.০০১.২৩.৩৩৩

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০

০৭ মার্চ ২০২৪

## বিজ্ঞপ্তি/নোটিশ


বিষয়: বাঘাবাড়ী ঘাট হতে বরগুনা সদর এলএসডিতে জারিকৃত সূচির অপরিবাহিত ৬০০ মে.টন বোরো'২৩ সিদ্ধচাল উন্মুক্তকরণ বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ দপ্তরের ২৫-০১-২০২৪ খ্রি. এর ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৩.২২.৯১ নং স্মারকে বাঘাবাড়ী ঘাটের মাধ্যমে বরিশাল বিভাগের বিভিন্ন এলএসডিতে নৌপথে ৬০০০ মে.টন বোরো'২৩ সিদ্ধ চালের চলাচল সূচি জারি করা হয়। উক্ত সূচি ও উপসূচি বর্ধিত মেয়াদসহ ০৬-০৩-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ ছিল।

ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়, বাঘাবাড়ী এলএসডি, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর ০৭-০৩-২০২৪ খ্রি. এর ২৫৫ নং স্মারকের পত্রে উল্লেখ করা হয়েছে, বাঘাবাড়ী ঘাট হতে ০১ জন ঠিকাদার সূচির অপরিবাহিত ৬০০ মে.টন চাল পরিবহনের নিমিত্তে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।

বরগুনা জেলার সদর এলএসডিতে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য বাঘাবাড়ী ঘাটে উল্লিখিত সূচির অপরিবাহিত পরিমাণ বোরো'২৩ সিদ্ধচাল উন্মুক্ত করা হলো। বরগুনা এলএসডিতে বিভিন্ন খাতে জরুরি বিলি-বিতরণের স্বার্থে আগে আসলে আগে পরিবহণ করবেন ভিত্তিতে বাঘাবাড়ী ঘাটে বোঝাইয়ের জন্য জাহাজ প্লেসমেন্ট দেয়া সাপেক্ষে এই সূচি উন্মুক্ত সূচকরা হলো। মেজর ক্যারিয়ার, খুলনা/ডিবিসিসি (খু-ব) নৌ ঠিকাদারগণ এই উন্মুক্ত সূচির পণ্য পরিবহণে জন্য অংশগ্রহণ করতে পারবেন। জারিকৃত সূচির পরিবহণের সকল শর্ত ও নির্দেশনাবলি অপরিবর্তিত থাকবে। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাঘাবাড়ী এলএসডি, শাহজাদপুর, সিরাজগঞ্জ প্লেসমেন্টকৃত জাহাজের তথ্য ০৯-০৩-২০২৪ খ্রি. মধ্যে এ দপ্তরে প্রেরণ করে বিধি মোতাবেক জাহাজ বোঝাইয়ের ব্যবস্থা গ্রহণ করবেন।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৭-৩-২০২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল/রাজশাহী
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজগঞ্জ/বগুড়া/বরগুনা
- ৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) খুলনা মেজর কেরিয়ার সমিতি ও খুলনা আঞ্চলিক নৌ-পরিবহণ ঠিকাদার সমিতি (খাদ্য), ৬৯, লোয়ার যশোর রোড (৫ম তলা), খুলনা